নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
Natore Palli Bidyut Samity-1
ফুলবাগান, নাটোর-৬৪০০।
ফোনঃ পিএবিএক্স-০৭৭১-৬৬৯৫৮, সরাসরি-৬৬৮৭৫
E-Mail: natorepbs1@gmail.com
Web Address: www.pbs1.natore.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৯৬৩.৫১২.০২.০০৮.২২. ২৬২০

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২২ মে, ২০২২ খ্রিস্টাব্দ

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"
## পদের নামঃ স্টোর কিপার

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সহকারী স্টোর কিপার পদের কর্মরত প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০২ | স্টোর কিপার | ১) প্রার্থীকে নূন্যতম ০৭ (সাত) বছর সহকারী স্টোর কিপার হিসেবে সন্তোষজনক কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>২) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>৩) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।<br>৪) বৈদ্যুতিক মালামাল ও যন্ত্রপাতি সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫) প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।<br>৬) সর্বশেষ ০৩ (তিন) বছর বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>৭) অধীনস্থ কর্মচারীদের নিয়ন্ত্রন ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

আবেদনকারীগণকে খামের উপরে পদের দনাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশসহ স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ আগামী ০৪/০৬/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার **সকাল ১১:০০ ঘটিকায়** নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, ফুলবাগান, নাটোর-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রে সংযুক্ত কাগজপত্র/দলিলাদি জেনারেল ম্যানেজার বা সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

(ক) সাম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) বিগত ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিত করণ পত্রের ফটোকপি, পদোন্নতির জন্য সংশোধিত নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত ফটোকপি।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ; বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের সত্যায়িত ফটোকপি, ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড এবং ০১ (এক) বৎসরের মধ্যে লঘুদন্ডে দন্ডিত হননি; ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড এবং ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড, বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদন পত্রের সহিত দাখিল করতে হবে। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

( চলমান পৃষ্ঠা-০২)

(ছ) ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

(জ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিল পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতির জন্য যারা বিবেচিত হন নাই তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঝ) পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকা অর্থাৎ নাটোর জেলার নাটোর সদর (আংশিক), বাগাতিপাড়া (আংশিক), নলডাঙ্গা, সিংড়া এবং রাজশাহী জেলার পুঠিয়া ও বাগমারা উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঞ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনেরমান সন্তোষজনক ও পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে (যদি থাকে) উত্তীর্ণ হওয়া স্বাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

(ট) চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে পূর্ব পদের অর্থাৎ সহকারী স্টোর কিপার এর সর্বশেষ এলপিসি অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

(ঠ) অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্তসম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

(ড) কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হলে এবং তদন্ত পূর্বক তা প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে '...পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২)' এর আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঢ) নির্বাচিত পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ণ) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "...পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২)" এর ধারা ৭, ১৪ ও ১৬ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

(ত) যে কোন আবেদন পত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

(থ) শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রদানের জন্য অনুরোধ করা হল)
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৬। ডিজিএম (সদর-কারিগরী ও সিংড়া/পুঠিয়া/বাগমারা জোনাল অফিস), নাটোর পবিস-১।
০৭। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি), নাটোর পবিস-১।
০৮। এজিএম, নলডাঙ্গা/বাগাতিপাড়া/হাটগাঙ্গোপাড়া সাব-জোনাল অফিস, নাটোর পবিস-১।
০৯। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs1.natore.gov.bd), নাটোর পবিস-১।
১০। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি)/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), নাটোর পবিস-১। (পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১১। অফিস কপি/মাস্টার কপি/ওয়েবসাইট কপি।

(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)
জেনারেল ম্যানেজার